

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩।
www.lawjusticediv.gov.bd

নং-বিচার-৩/১টি-০১/২০১৫-৯২

তারিখঃ ২৩ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
০৬ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন-ভাতাদি) আদেশ, ২০১৬ এর অনুচ্ছেদ-৩ এ বর্ণিত টাকা ৭০৯২৫-৭৬৩৫০/= বেতন স্কেলে অতিরিক্ত জেলা ও দায়রা জজ হতে জেলা ও দায়রা জজ পদে পদোন্নতি প্রদান করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পাশে বর্ণিত পদে নিয়োগ করা হলো :

| ক্রমিক নং | নাম পদবী ও বর্তমান কর্মস্থল | পদোন্নতিমূলে বদলিকৃত কর্মস্থল |
|-----------|--|--|
| ১. | জনাব এ.কে.এম, এমদাদুল হক চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঢাকা | উপসচিব (জেলা ও দায়রা জজ), আইন ও বিচার বিভাগ আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (প্রেষণে) |
| ২. | জনাব মোঃ জাহিদুল কবির চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ঢাকা | বিচারক (জেলা ও দায়রা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল নং-২, কুমিল্লা |

২। পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তাগণের পদোন্নতি প্রাপ্ত পদের বেতন প্রাপ্তির বিষয়টি বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (বেতন-ভাতাদি) আদেশ, ২০১৬ এর অনুচ্ছেদ ১৩ এ বর্ণিত শর্তের আলোকে নির্ধারিত হবে।

৩। বর্ণিত কর্মকর্তাদ্বয়ের জ্যেষ্ঠতা অক্ষুন্ন রেখে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(শেখ গোলাম মাহবুব)
উপ-সচিব (প্রশাসন-১)

নং-বিচার-৩/১টি-০১/২০১৫-৯২

তারিখঃ ২৩ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ
০৬ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ, ঢাকা।
সংশ্লিষ্ট কর্মকর্তাকে আপনার কর্তৃক মনোনীত কর্মকর্তার নিকট আগামী ১০/০২/২০২০ খ্রিঃ তারিখ তাঁর বর্তমান পদের দায়িত্বভার অর্পণ করে অবিলম্বে পদোন্নতিমূলে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করতে অনুরোধ করা হলো।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। জনাব চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,
তাঁকে এ মর্মে অনুরোধ করা যাচ্ছে যে, তিনি যেন তাঁর বর্তমান পদের দায়িত্বভার জেলা ও দায়রা জজ/মহানগর দায়রা জজ কর্তৃক মনোনীত কর্মকর্তার নিকট আগামী ১০/০২/২০২০ খ্রিঃ তারিখ অর্পণ করে অবিলম্বে পদোন্নতি প্রাপ্ত কর্মস্থলে/পদে যোগদান করেন।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
(উপরের বিজ্ঞপ্তিটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৯। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ১০। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুমিল্লা।
- ১১। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

(সেয়দা কানিজ কামরুন নাহার)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৬৬৩১